অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/27/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে মানবপাচারের বিরুদ্ধে সুরক্ষা বিস্তৃত করতে বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করলেন

অর্থবছর 2024 এর বাজেটে 2.3 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে যা সম্প্রতি মানব পাচার ভিকটিম সেবা প্রদানকারীদের দেওয়া হয়েছে

বিধিমালা S.4263/A.3227, S.5527/A.3720, S.6213/A.4264, S.6214/A.4265, S.5827/A.4586, S.4267/A.4669 হলো পুরো স্টেটের পরিবহন কেন্দ্রগুলিতে মানব পাচার ভিকটিম সেবা সম্পর্কিত তথ্য প্রদান সম্পর্কিত

বিধিমালা S.7451/A.7360 মানব পাচার আন্তঃএজেন্সি টাস্ক ফোর্সকে চার বছরের জন্য মেয়াদ বৃদ্ধি করে

বিধিমালা S.395/A.5505 মানব পাচার আন্তঃএজেন্সি টাস্ক ফোর্সকে পাচার এবং সোশ্যাল মিডিয়ার মধ্যকার সংযোগ তদন্ত করতে নির্দেশ দেয়

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি বিধিমালার প্যাকেজকে আইন হিসেবে স্বাক্ষর করলেন যা নিউ ইয়র্ক স্টেটের মানব পাচার আন্তঃএজেন্সি টাস্ক ফোর্সের (New York State Interagency Task Force on Human Trafficking) সদস্য সংখ্যা এবং দায়িত্বের সময়কাল বৃদ্ধি করে যাতে বাধাহীনভাবে টাস্ক ফোর্সের কাজ অব্যাহত রাখা নিশ্চিত করা যায়। এছাড়াও গভর্নর পুরো স্টেটের পরিবহন কেন্দ্রগুলি যাতে ম্যান পাচারের ভিকটিমদের ব্যবহার করার মতো তথ্য প্রদর্শন করে তা নিশ্চিত করতে বিধিমালায় স্বাক্ষর করেছেন, এটি তাদের উপলভ্য সেবা সম্পর্কে তথ্য প্রদান করবে। পাশাপাশি, গভর্নর হোকল পুরো স্টেটে মানব পাচারের ভুক্তভোগী ও ভিকটিমদের সেবা প্রদানকারী ঠিকাদারদের সম্প্রতি যে 2.3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে তার উপর আলোকপাত করেন।

"মানব পাচার এমন একটি দুঃস্বপ্ন যা কারো সাথে হওয়া উচিত না - এমনকি একজন ভিকটিমও অনেক বড় একটি সংখ্যা," **গভর্নর হোকল বলেন।** "মানব পাচারের শিকার হওয়া কয়েক হাজার মানুষকে সুরক্ষা দানের জন্য এই বিধিমালায় স্বাক্ষর করতে পেরে আমি গর্বিত, এবং এই বিলগুলি পাশ করানোর জন্য তাদের কাজের জন্য আমি আমার আইনসভার অংশীদারদের ধন্যবাদ জানাতে চাই।"

মানব পাচার সেবা সচেতনতা
পাচারের ভিকটিমদের সমর্থন ও সুরক্ষা দানের জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতিকে সম্প্রসারিত করার জন্য, বিধিমালা S.4263/A.3227 বন্দর কর্তৃপক্ষের (Port Authority) বিমানবন্দরগুলির জন্য স্তন্যপান করানোর কক্ষে মানব পাচারের ভিকটিমদের কাজে লাগতে পারে এমন তথ্য প্রদান আবশ্যিক করে। বিধিমালা S.5527/A.3720 সকল মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) ফ্যাসিলিটির জন্য পাচারের ভিকটিমদের কাজে লাগতে পারে এমন তথ্য লাগানো আবশ্যিক করে। বিধিমালা S.6213/A.4264 ট্রাক স্টপের জন্য স্তন্যপান করানোর কক্ষে মানব পাচারের ভিকটিমদের কাজে লাগতে পারে এমন তথ্য লাগানো আবশ্যিক করে। বিধিমালা S.6214/A.4265 বাণিজ্যিক সেবার বিমানবন্দরের জন্য স্তন্যপান করানোর কক্ষে মানব পাচার সেবা সম্পর্কে তথ্য লাগানো আবশ্যিক করে। বিধিমালা S.5827/A.4586 নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষের (New York State Thruway Authority) রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করা সেবা এলাকায় স্তন্যপান করানোর কক্ষে উপলভ্য মানব পাচার সেবা সম্পর্কে তথ্যপ্রদান আবশ্যিক করে। বিধিমালা S.4267/A.4669 বন্দর কর্তৃপক্ষের বাস টার্মিনালগুলির জন্য স্তন্যপান করানোর কক্ষে উপলভ্য মানব পাচার সেবা সম্পর্কে তথ্যপ্রদান আবশ্যিক করে।

মানব পাচার আন্তঃএজেন্সি টাস্ক ফোর্স সম্প্রসারিত করা
বিধিমালা S.7451/A.7360 মানব পাচার আন্তঃএজেন্সি টাস্ক ফোর্সের সদস্যদের মধ্যে নিউ ইয়র্ক স্টেট সচিবকে যোগ করে। বর্তমানে টাস্ক ফোর্সের স্টেট এজেন্সি সদস্যগণ হলেন, অপরাধ ন্যায়বিচার সেবা বিভাগের (Division of Criminal Justice Services, DCJS) কমিশনার, অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) কমিশনার, স্বাস্থ্য বিভাগের (Department of Health, DOH) কমিশনার, মানসিক স্বাস্থ্য অফিসের (Office of Mental Health, OMH) কমিশনার, শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার, শিশু ও পরিবার পরিষেবা অফিসের (Office of Children and Family Services, OCFS) কমিশনার, আসক্তি সেবা ও সমর্থন অফিসের (Office of Addiction Services and Supports, OASAS) কমিশনার, ভিকটিম পরিষেবা অফিসের (Office of Victim Services, OVS) পরিচালক, গৃহনির্যাতন প্রতিরোধ অফিসের (Office for the Prevention of Domestic Violence) নির্বাহী পরিচালক, এবং নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সুপারিন্টেনডেন্ট।

বিধিমালাটি এছাড়াও টাস্ক ফোর্সের মেয়াদ অতিরিক্ত চার বছরের জন্য বৃদ্ধি করে যাতে নিশ্চিত করা যায় যে মানব পাচার প্রতিরোধ, হ্রাস এবং ভুক্তভোগীদের সহায়তা করতে টাস্ক ফোর্সটি বাধাহীনভাবে কাজ অব্যাহত রাখতে পারে।

বিধিমালা S.395/A.5505 মানব পাচারের আন্তঃএজেন্সি টাস্ক ফোর্সকে সোশ্যাল মিডিয়া এবং মানব পাচারের মধ্যকার সংযোগ তদন্ত করতে নির্দেশনা প্রদান করে।

স্টেটের সিনেটর লিয়া ওয়েব বলেন, "নিউ ইয়র্ক স্টেট সিনেটে নারী বিষয়ক কমিটির (Women’s Issues Committee) প্রধান হিসেবে, মানব পাচারের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য এই বিলগুলির স্পন্সর করতে পেরে আমি গর্বিত। বিধিমালাটি নিশ্চিত করবে যাতে ভিকটিমদের নিয়ে পালাতে থাকা পাচারকারীদের জন্য গেটওয়ে হিসেবে কাজ করতে পারে

এমন বহুল ব্যবহৃত অবস্থানে মানব পাচারের ভিকটিমদের জন্য সেবা সম্পর্কে তথ্য লাগানো থাকে, যেমন নিউ ইয়র্কের বাণিজ্যিক বিমানবন্দর এবং ট্রাক স্টপের স্তন্যপান করানোর কক্ষ। দুর্বল নিউ ইয়র্কবাসীর মানব পাচার সমস্যা সমাধানে একত্রে কাজ করা আমাদের জন্য অপরিহার্য, যাতে ভিকটিমদের নিরাপদে সাহায্যের সুযোগ পাওয়া এবং প্রতিশোধের ভীতি ছাড়া সংস্থান খুঁজতে নিতে পারা নিশ্চিত করা যায়।"

স্টেটের সিনেটর কর্ডেল ক্লিয়ার বলেন, "পাচারের ডিজিটাল উৎস তদন্ত করে, জনসচেতনতা বৃদ্ধি করে, এবং অত্যাবশ্যকীয় তথ্য যাতে যেখানে সবথেকে বেশি প্রয়োজন সেখানে উপলভ্য থাকে তা নিশ্চিত করে এই বিলগুলি সামগ্রিকভাবে মানব পাচারের বিরুদ্ধে অগ্রগতি করে। অতি গুরুত্বপূর্ণ এই ব্যবস্থাগুলি অগ্রসর করার ব্যাপারে ভূমিকা রাখতে পেরে আমি শুধু গর্বিত নই, গভীরভাবে সম্মানিতও হয়েছি।"

স্টেটের সিনেটর রক্সান জে. পারসুয়াড বলেন, "মানব পাচার প্রতিরোধ ও এর মোকাবেলা করার জন্য বহু স্টেট এজেন্সির সমবেত প্রয়াস প্রয়োজন; এবং আজকে গভর্নর হোকল যে বিলটি স্বাক্ষর করছেন তা এই এজেন্সিগুলিকে তাদের অতি গুরুত্বপূর্ণ কাজ করার দীর্ঘতর অনুমোদন প্রদান করে।এই ব্যাপারে তার নিবেদনের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং আমাদের মহান স্টেটের সম্প্রদায়সমূহে মানুষকে নিয়ে যেই সস হচ্ছে তার আরো ভালো মোকাবেলা করার জন্য আরো কৌশল উপস্থাপন করতে আমি উৎসুক।"

অ্যাসেম্বলি সদস্য আমি পলিন বলেন, "যৌন পাচারের শিকার ব্যক্তির জন্য পাচারকারীর কবল থেকে মুক্তি পাওয়ার সুযোগ অত্যন্ত কম। প্রায়শই, পাবলিক রেস্টরুম বা স্তন্যপান করানোর কক্ষের কিছু মুহূর্তই হবে ভিকটিমের একা থাকার একমাত্র সময়। এইসব নিরাপদ স্থানে তারা যেই তথ্য দেখবে তা তাদের জন্য উপলভ্য সেবা সম্পর্কে জানার তাদের একমাত্র সুযোগ হতে পারে। ভিকটিমরা যেখানে আছে সেখানে তাদের কাছে পৌঁছানো এবং যৌন শোষণের একটি জীবন থেকে মুক্তি পেতে তাদের প্রয়োজনীয় হাতিয়ার তাদের প্রদান করার এই বিধিমালা দিয়ে নি ইয়র্ক একটি নজির সৃষ্টি করছে।"

অ্যাসেম্বলি সদস্য লিন্ডা বি. রোজেনথাল বলেন, "মানব পাচার সনাক্ত করা কঠিন হওয়ার জন্য কুখ্যাত এবং সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এবং ডেটিং অ্যাপের উত্থান পাচারকারীকে ভিকটিমকে প্ররোচিত করার একটি অতিরিক্ত হাতিয়ার প্রদান করেছে। বিশ্বব্যাপী কয়েক মিলিয়ন মানুষ এবং কয়েক হাজার নিউ ইয়র্কবাসী, যাদের মধ্যে ব্যাপক সংখ্যাগরিষ্ঠ হলো নারী, প্রতি বছর এই ঘৃণ্য অনুশীলনের শিকার হয়, এটি নিউ ইয়র্কের মানব পাচার আন্তঃএজেন্সি টাস্ক ফোর্সের মিশন বিস্তৃত করার গুরুত্বের উপর আলোকপাত করে। মানব পাচার ঘটনার দিক দিয়ে নিউ ইয়র্ক স্টেট চতুর্থ অবস্থানে রয়েছে এবং বিধিমালা আমাদেরকে বুঝতে দিবে যে মানব পাচারকারীরা অনলাইন প্ল্যাটফর্ম কীভাবে ব্যবহার করছে এবং ব্যক্তিরা কীভাবে নিজেদের নিরাপদ রাখতে পারবে সেই ব্যাপারে সচেতনতা বিস্তার করতে স্টেট এজেন্সিকে সহায়তা করবে। অতি গুরুত্বপূর্ণ বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য গ্রেস লি বলেন, "নিউ ইয়র্ক মানব পাচার আন্তঃএজেন্সি টাস্ক ফোর্স নিউ ইয়র্কে মানব পাচার প্রতিরোধ এবং ভুক্তভোগীদের সমর্থন করার কাজ করে। আজকের স্বাক্ষর

করা বিলটি এই অতি গুরুত্বপূর্ণ কাজ করার ক্ষেত্রে টাস্ক ফোর্সের সক্ষমতাকে বলীয়ান করবে। অ্যাসেম্বলিতে এই বিধিমালার পাশ করার নেতৃত্ব দিতে পেরে আমি গর্বিত, এবং গভর্নর হোকল, স্পিকার হিস্টি, সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স, এবং আইনসভার আমার সহকর্মীদের সমর্থনের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিস একটি মানব পাচার সাড়াদান কর্মসূচি (Response to Human Trafficking Program, RTHP) পরিচালনা করে, কর্মসূচিটি পুরো স্টেটের সেবা দানকারীদেরকে কেস ব্যবস্থাপনা এবং পাচারের কনফার্মড ভিকটিমদের সেবাদান করার ব্যাপারে সমর্থন করে। বর্তমানে RHTP পুরো নিউ ইয়র্ক স্টেটে 11টি সেবা প্রদানকারীকে সমর্থন করে। সেবা ব্যক্তির স্বতন্ত্র চাহিদা ও লক্ষ্যের সাড়াদান করে থাকে এবং এর মধ্যে আশ্রয়কেন্দ্র, পরিবহন, খাদ্য সহায়তা এবং ফোন ব্যবহারের সুযোগ, চিকিৎসা সেবা, বস্ত্র ইত্যাদির মতো জরুরি সেবা অন্তর্ভুক্ত থাকতে পারে। এছাড়াও সেবাদানকারীরা পাচারের হাত থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের সাথে দীর্ঘমেয়াদি লক্ষ্য সনাক্ত ও সমর্থন করতে কাজ করে, যেমন স্বাস্থ্যসেবা ও মানসিক স্বাস্থ্য সেবা, চাকরির সেবা, এবং ক্রান্তিকালীন থেকে দীর্ঘতর মেয়াদের আবাসনে স্থানান্তর।

RHTP এর মাধ্যমে, সম্প্রতি পুরো স্টেটের নিম্নোক্ত মানব পাচারের ভুক্তভোগীদের সেবাদানকারীদের 2.3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে:

ঠিকাদার	অঞ্চল	পুরস্কার
সেফ হরাইজোন, ইনকর্পোরেটেড	NYC	500,000.00 মার্কিন ডলার
স্যাংচুয়ারি ফর ফ্যামিলিজ	NYC	379,000.00 মার্কিন ডলার
রিস্টোর NYC	NYC	319,500.00 মার্কিন ডলার
মাই সিস্টার্স প্লেস, ইনকর্পোরেটেড	ওয়েস্টচেস্টার	275,000.00 মার্কিন ডলার
এম্পাওয়ারমেন্ট কলাবোরেটিভ অফ লং আইল্যান্ড, ইনকর্পোরেটেড	সাফোক	200,000.00 মার্কিন ডলার
ক্যাথোলিক চ্যারিটিজ অফ লং আইল্যান্ড	নাসাউ	124,250.00 মার্কিন ডলার
ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ বাফেলো	ইরি	167,208.00 মার্কিন ডলার
সেফ ইনক অফ স্কেনেকট্যাডি	স্কেনেকট্যাডি	197,099.00 মার্কিন ডলার
পিপল এগেইনস্ট ট্র্যাফিকিং হিউমেন্স ইনকর্পোরেটেড	ইরি	49,581.00 মার্কিন ডলার

ইউনিটি হাউজ অফ ট্রয় ইনকর্পোরেটেড	রেনসেলার	113,000.00 মার্কিন ডলার
সেফ হারবারস অফ দ্য ফিঙ্গার লেকস ইনকর্পোরেটেড	অন্টারিও	72,362.00 মার্কিন ডলার

সকল নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যাতে তাদের মৌলিক প্রশিক্ষণের অংশ হিসেবে মানব পাচার প্রশিক্ষণ লাভ করে তা নিশ্চিত করতে অপরাধ ন্যায়বিচার সেবা বিভাগ আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে কাজ করে। 2022 সালে, প্রায় 2,500 নিয়োগ পাওয়া ব্যক্তি তাদের মৌলিক কোর্স নির্দেশাবলীর অংশ হিসেবে মানব পাচারের উপর প্রশিক্ষণ লাভ করে যার মধ্যে কীভাবে নিউ ইয়র্ক স্টেট কনফার্মেশনের জন্যে একটি রেফারেল প্রদান করতে হয় তা অন্তর্ভুক্ত। 2023 সালের শুরু থেকে OTDA এর পরামর্শ নিয়ে DCJS নিউ ইয়র্ক স্টেটে 240 জন পাচার হওয়া ব্যক্তিকে কনফার্ম করেছে, তাদের অত্যাবশ্যকীয় সেবা ও সংস্থানের সাথে যুক্ত করে দিয়েছে। স্টেট 2022 সালে 249 জন, এবং 2021 সালে 295 জন পাচার হওয়া ব্যক্তিকে কনফার্ম করেছে।

20 জুলাই, 2023 তারিখ পর্যন্ত, অতিথিদের সাথে কথাবার্তা বা তাদের সংস্পর্শে আসতে পারে এমন সকল কর্মীকে মানব পাচার সনাক্ত ও রিপোর্ট করার ব্যাপারে প্রশিক্ষণ প্রদান করা নিউ ইয়র্ক স্টেটের লজিং ফ্যাসিলিটিগুলির জন্য আবশ্যিক। আতিথেয়তা শিল্পখাতের সকল গুরুত্বপূর্ণ পক্ষের সাথে DCJS যোগাযোগ করেছে, যার মধ্যে ম্যারিয়ট, হিল্টন, এবং নিউ ওয়ার্ক স্টেট আতিথেয়তা ও পর্যটন অ্যাসোসিয়েশন (New York State Hospitality and Tourism Association) রয়েছে, এবং তারা যথাযথ স্টেট প্রশিক্ষণ বিষয়বস্তুর খসড়া তৈরির জন্য আমাদের OTDA অংশীদারদের সাথে কাজ করছে।

স্টেটের মিউনিসিপ্যাল পুলিশ প্রশিক্ষণ পরিষদ (Municipal Police Training Council), যেখানে DCJS কর্মী প্রদান করে, তাদের জন্য আইন দ্বারা একটি মানব পাচার মডেল নীতিমালা (Human Trafficking Model Policy) তৈরি ও প্রকাশ করা আবশ্যক করা হয়েছে যেটিকে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী একটি পরিকাঠামো হিসেবে ব্যবহার করে নিজেদের নিজস্ব নীতিমালা তৈরি করতে পারে। নীতিমালাটি প্রথম 2016 সালে গ্রহণ করা হয় এবং 2021 সালে সংশোধন করা হয়।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন